

তফসিল ১

[বিধি ২ (ঝ) দ্রষ্টব্য]

ফরম নং	ফরমের বিষয়বস্তু	ফি'র পরিমাণ (টাকায়)
১।	এক শ্রেণিভুক্ত ভৌগোলিক নির্দেশক পণ্যের আবেদন এবং কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে প্রাপ্ত এক শ্রেণিভুক্ত ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের আবেদন।	১০,০০০/-
২।	ভিন্ন ভিন্ন শ্রেণিভুক্ত ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধনের জন্য একক আবেদন এবং কনভেনশনভুক্ত রাষ্ট্র হইতে প্রাপ্ত ভিন্ন ভিন্ন শ্রেণির ভৌগোলিক নির্দেশক পণ্যের একক আবেদন।	১০,০০০/- (প্রতি শ্রেণির জন্য)
৩।	ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অথবা অনুমোদিত ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের বিরোধিতা সংক্রান্ত আবেদন।	১০,০০০/- (প্রতি শ্রেণির জন্য)
৪।	ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অথবা অনুমোদিত ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের বিরোধিতা সংক্রান্ত আবেদনের পাল্টা বিবৃতি।	২,০০০/- (প্রতি শ্রেণির জন্য)
৫।	বিরোধিতা সংক্রান্ত নোটিশ দাখিলের জন্য সময় বর্ধিতকরণ সংক্রান্ত আবেদন।	২,০০০/- (প্রতি শ্রেণির জন্য)
৬।	নিবন্ধিত কোন ভৌগোলিক নির্দেশক পণ্যের অনুমোদিত ব্যবহারকারী হিসাবে নিবন্ধনের আবেদন।	১,০০০/-
৭।	ভৌগোলিক নির্দেশক পণ্যের বা বিভাজনের আবেদনপত্রে আবেদনকারীর নাম/ঠিকানা/বিবৃতি বা যে কোন প্রকার ত্রুটি সংশোধনের জন্য আবেদন।	৬০০/-
৮।	অনুমোদিত ব্যবহারকারী হিসাবে সনদ প্রদানের জন্য আবেদনপত্র।	৫০০/-
৯।	অনুমোদিত ব্যবহারকারীর নিবন্ধন সনদ নবায়নের আবেদন।	২,০০০/-
১০।	নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক অথবা অনুমোদিত ব্যবহারকারীর নাম, ঠিকানা অথবা বিবরণ সম্পর্কিত যে	৬০০/-

	কোন ক্রটি সংশোধনের আবেদন।	
১১।	নিবন্ধনবহিতে কোন সংশোধন বা নিবন্ধনবহি হইতে কোন ভৌগোলিক নির্দেশক পণ্য অপসারণ অথবা নিবন্ধনবহিতে উল্লিখিত কোন তথ্য বাদ দেয়া বা পরিবর্তনের আবেদন।	২,০০০/-
১২।	নিবন্ধনবহি হইতে ভৌগোলিক নির্দেশক পণ্য অপসারণ বা অনুমোদিত ব্যবহারকারীর অপসারণ বিষয়ক কার্যক্রমে হস্তক্ষেপ করিবার অনুমতির আবেদন।	২,০০০/-
১৩।	ভৌগোলিক নির্দেশক পণ্য বা অনুমোদিত ব্যবহারকারীর নাম নিবন্ধনবহিতে পুনবহালের আবেদন।	২,০০০/-
১৪।	ভৌগোলিক নির্দেশক পণ্যের সনদপত্রের জন্য আবেদন।	২,০০০/-
১৫।	রেজিস্ট্রারের সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন।	১০০০/-
১৬।	ভৌগোলিক নির্দেশক পণ্যের তথ্যাবলির জন্য রেজিস্ট্রারের নিকট আবেদন।	১০০০/-
১৭।	ভৌগোলিক নির্দেশক পণ্য নিবন্ধন অথবা অনুমোদিত ব্যবহারকারীর সনদপত্র বা দলিলাদির অনুলিপির কপির জন্য আবেদন।	৫০০/-
১৮।	কতিপয় দ্রব্যের অধিকতর সুরক্ষার আবেদন।	৫০,০০০/-
১৯।	অনুসন্ধানের আবেদনপত্র।	১০০০/-
২০।	সরকারের নিকট আপিলের আবেদন।	৫০০০/-